JAN. 31 2001

তারিখ ... পৃষ্ঠা ... কলাম

দৈনিক ইনকিলাব

# চট্টগ্রামে শিক্ষক সমিতির অনশন পালিত

**চট্টগ্রাম ব্যুরো ঃ** বাংলাদেশ শিক্ষক সমিতি (ফেডারেশন) ঘোষিত কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে সমিতির আঞ্চলিক শাখার উদ্যোগে গতকাল (মঙ্গলবার) সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত চট্টগ্রাম কেন্দ্রীয় শহীদ মিনার চত্বরে প্রতীক অনশন ধর্মঘট পালিত হয়। এ উপলক্ষে আয়োজিত সভা-সমাবেশে শিক্ষক নেতৃবৃন্দ বেতনের সরকারী অংশ ১০০ ভাগে উন্নীতকরণসহ শিক্ষক-কর্মচারীদেরকে সরকারী শিল্প প্রতিষ্ঠানের অনুরূপ সকল ভাতা প্রদান, কর্মচারীদের চাকরিবিধি বাস্তবায়ন ইত্যাদি ৬ দফা সুযোগ-সুবিধার দাবী বাস্তবায়নের আহবান জানান।

## রাজশাহীতে শিক্ষকদের অনশন

রাজশাহী অফিস ঃ বাংলাদেশ শিক্ষক সমিতি রাজশাহী জেলা শাখার উদ্যোগে শিক্ষকদের ৬ দফা বাস্তবায়ন ও নয়টি কালো চুক্তি বাতিলের দাবীতে গতকাল বেলা ১১টা থেকে বিকেল ৪টা পর্যন্ত রাজশাহী কোর্ট শহীদ মিনার চত্বরে শিক্ষকদের প্রতীক অনশন কর্মসূচী পালিত হয়।

এ সময় এক সমাবেশে শিক্ষক নেতৃবৃন্দ কালো চুক্তি বাতিলের দাবী জানিয়ে বলেন, এই চুক্তির কারণে প্রায় ৩০ হাজার শিক্ষক চাকরি হারাবে। মহানগর জাপা সভাপতি এডভোকেট আব্দুল হাদী ও ওয়ার্কার্স পার্টির কেন্দ্রীয় পলিট ব্যুরোর সদস্য ফজলে হোসেন বাদশা শিক্ষকদের দাবীর প্রতি একমত ঘোষণা করে বক্তব্য রাখেন।